দৈনিক
ইনকিলাব

7 APR 2003

# সেমিষ্টার পদ্ধতি সংশোধনের দাবীতে বাকৃবিতে ছাত্রদের বিক্ষোভ ঃ আন্দোলনের হুমকি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে গতকাল (রবিবার) ২০০১-২০০২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা সেমিষ্টার পদ্ধতি সংশোধনের দাবীতে আবারও ব্যাপক বিক্ষোভ প্রদর্শন করেছে। এদিকে ভিসির বেঁধে দেয়া পাঁচ দিনের সময়কাল গতকাল (রবিবার) শেষ হলেও সেমিষ্টার পদ্ধতির সংশোধনের কোন আভাস পাওয়া যায়নি এতে শিক্ষার্থীরা আরও বিক্ষুব্ধ হয়ে ওঠে। প্রশাসন সূত্রে জানা যায়, ছাত্র-ছাত্রীদের বিক্ষোভের কারণে আজ (সোমবার) সকাল ১১টায় একাডেমিক কাউন্সিলের জরুরী অধিবেশন বসছে। শিক্ষার্থীরা কালো ব্যাচ পরে একাডেমিক কাউন্সিলকে ঘিরে অবস্থান ধর্মঘটের ডাক দিয়েছে।